

আন্তঃবিশ্ববিদ্যালয় প্রোগ্রামিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন শাবি



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

শাবি প্রতিনিধি

প্রকাশ: ০২ নভেম্বর ২০২৪ | ১৬:০২ | আপডেট: ০২ নভেম্বর ২০২৪ | ১৬:২৮



দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ১১৩টি দলকে পিছনে ফেলে আন্তঃবিশ্ববিদ্যালয় প্রোগ্রামিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবি) দল সাস্ট ফ্যানাটিকস।

শুক্রবার (১ নভেম্বর) রাত ৯টার পর বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) সিএসসি ফেস্ট-২০২৪ স্ট্যান্ডিংস প্রতিযোগিতায় সর্বোচ্চ সমস্যা সমাধান করে তারা চ্যাম্পিয়ন হয়েছে।

দলের উপদেষ্টা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের প্রভাষক এ.কে.এম ফখরুল হোসাইন বিষয়টি নিশ্চিত করেছেন।

তিন সদস্যের দল সাস্ট ফ্যানাটিকসের সদস্যরা হলেন- সিএসই বিভাগের ২০১৭-১৮ সেশনের শিক্ষার্থী নাজমুল হাসান নাইম, ২০১৮-১৯ সেশনের শিক্ষার্থী আলফেহ সানি এবং ২০২০-২১ সেশনের শিক্ষার্থী সারওয়ার রিফাত।

জানা যায়, প্রোগ্রামিং প্রতিযোগিতায় প্রত্যেক দলের জন্য ১২টি প্রোগ্রামিং সমস্যা ছিল। এ সমস্যাগুলো সমাধানের জন্য ৫ ঘণ্টা সময় বেঁধে দেয় আয়োজকরা। অংশ নেওয়া সবগুলো দলের মধ্যে সাস্ট ফ্যানাটিকস সবচেয়ে কম সময়ের মধ্যে ৭টি সমস্যা সমাধান করে। এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি দল তার চেয়ে বেশি সময় নিয়ে মোট ৭টি সমস্যার সমাধান করে প্রতিযোগিতায় ২য় স্থান অর্জন করে।

শাবি শিক্ষার্থীদের দলের উপদেষ্টা প্রভাষক এ.কে.এম ফখরুল হোসাইন বলেন, প্রোগ্রামিংয়ের জন্য আমাদের শিক্ষার্থীদের প্রস্তুতি ভর্তির পর থেকেই শুরু হয়। শিক্ষার্থীরা যেন প্রোগ্রামিংয়ে ভালো দক্ষতা অর্জন করতে পারে এজন্য আলাদা ল্যাব

আছে আমাদের বিভাগে। সেখানে তারা যেকোনো সময় কাজ করতে পারে। এদিকে আগে যারা প্রোগ্রামিংয়ে ভালো করেছে তারাও বিভিন্ন সময়ে এসে বর্তমান শিক্ষার্থীদের নানা পরামর্শ ও দিক নির্দেশনা দেন। আমরা আশাবাদী যে আগামী দিনে আমাদের শিক্ষার্থীরা আরো ভালো করবে।